**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: 9062867921 ।



ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 13 JANUARY 2026 ,TUESDAY | ১৩ জানুয়ারি ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-45


## শিলিগুড়ির ইস্টার্ন বাই পাসে পথ দূর্ঘটনা কমাতে সচেতনতা মূলক কর্মসূচিতে সাধারন মানুষ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১২ জানুয়ারি : স্বামী বিবেকানন্দের ১৬৩ তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে শিলিগুড়ির ইস্টার্ন বাই পাসে পথ দূর্ঘটনা কমাতে সচেতনতা মূলক কর্মসূচি আয়োজিত হলো সোমবার। স্থানীয় একটি ক্লাব এবং শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের আশিঘর ট্রাফিক গার্ডের উদ্যোগে এদিনের কর্মসুচিতে অংশ গ্রহন করেন এলাকার সাধারন মানুষ। এদিন তারা হেলমেট বিহীন বাইক চালকদের থামিয়ে হেলমেটপরা, ট্রাফিক আইন মেনে বাইক চালানোর পরামর্শ দেন। বড় গাড়িগুলোকে দাঁড় করিয়ে নিরাপদ দূরত্ব বজায় রেখে ও নিয়ন্ত্রিত গতিতে ট্রাফিক আইন মেনে গাড়ি চালানোর পরামর্শ দেন কর্মসূচিতে অংশ গ্রহন করা সাধারন মানুষ। ট্রাফিক গার্ডের পক্ষ থেকে জানানো হয় ইস্টার্ন বাইপাসে হামেশা পথ দূর্ঘটনা ঘটে, দূর্ঘটনা কমানোর লক্ষ্যে এই কর্মসূচি আয়োজিত হয়। উপস্থিত ছিলেন শিলিগুড়ি ট্রাফিক গার্ডের এ সি পি অনির্বান মজুমদার,আশিঘর ট্রাফিক গার্ডের ওসি তনয় সরকার সহ অন্যান্য পুলিশ কর্মীগন, স্থানীয় ক্লাবের সদস্য গন সহ এলাকার সাধারন মানুষ।

## চা বাগানের পিএফ সংক্রান্ত তথ্য প্রকাশের দাবিতে জলপাইগুড়ি রিজিওনাল পিএফ অফিসে অভিযান আইএনটিটিইউসির

### উপস্থিত ছিলেন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়




কনক অধিকারী, এই যুগ, জলপাইগুড়ি, ১২ জানুয়ারি : চা শ্রমিকদের পিএফ সংক্রান্ত সমস্ত তথ্য প্রকাশ্যে আনার দাবিতে জলপাইগুড়ি রিজিওনাল পিএএফ অফিস অভিযান আইএনটিটিইউসির।ঋতব্রত বন্দোপাধ্যায়ের নেতৃত্বে অভিযানে সামিল তরাই ডুয়ার্সের কয়েক হাজার চা শ্রমিক।এবার চা-বাগানের পিএফ সংক্রান্ত সমস্ত তথ্য অবিলম্বে প্রকাশ করার দাবিতে , আজ জলপাইগুড়ি রিজিওনাল পিএফ অফিস ঘেরাও করেন আইএনটিটিইউসি, চা-বাগান শ্রমিক দের নিয়ে। উপস্থিত ছিলেন রাজ্য সভাপতি তথা সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। জেলা সভানেত্রী মহুয়া গোপ। ঘেরাও প্রসঙ্গে ঋতব্রত বলেন, পিএফ অফিসের সঙ্গে একশ্রেণির বাগান মালিক এবং বিজেপি নেতাদের আঁতাতের ফলে কোনও তথ্য পাওয়া যাচ্ছে না। এর ফলে বকেয়ার হিসাব পুরো ঘুরিয়ে দিচ্ছে পিএফ অফিস। চা বাগানের পিএফ সংক্রান্ত সমস্ত তথ্য অবিলম্বে প্রকাশ করতে হোক।


# হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।



# আলিপুরদুয়ারে শিশু উদ্যানের শুভ শিলান্যাস



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জানুয়ারি : আলিপুরদুয়ার সতেরো নম্বর ওয়ার্ডে বিবেকানন্দের জন্মদিন উপলক্ষ্যে বিবেকানন্দের নামাকরণে শিশু উদ্যানের শুভ শিলান্যাস হয়েছে এমনটাই জানা গেছে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। এলাকার কাউন্সিলর সহ আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ করের উপস্থিতিতে এই শিশু উদ্যানের শুভ শিলান্যাস হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অনুপ্রেরণাতেই এই শিশু উদ্যান করা সম্ভব হয়েছে।

# পুলিশকে জানিয়ে কাজ হয়নি , এলাকায় মিছিল গ্রামবাসীদের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জানুয়ারি : প্রায় ১৫ দিন আগে পুলিশকে লিখিতভাবে জানানো হয়েছিল গ্রামে মদ বিক্রির বন্ধের জন্য। একদিন অভিযান চালানোর পরেই আবারো মদ বিক্রি শুরু হয়ে গেছে গ্রামে। শামুকতলা থানার বড়পুকুরিয়া আদিবাসী গ্রামে চোলাই সহ হাঁড়িয়া মদ বিক্রি হচ্ছে প্রচুর পরিমাণে। এর ফলে একদিকে বাড়িতে অশান্তি করছে পুরুষেরা অন্যদিকে স্কুলের ছাত্ররা, নেশায় আসক্ত হয়ে যাচ্ছে। নেশায় আসক্ত হওয়ার দরুন স্কুল মুখো হচ্ছে না ছাত্ররা। শামুকতলা থানার পুলিশকে লিখিতভাবে বিষয়টি জানানোর পরেও তেমন কোনো কাজ হয়নি। তাই এলাকার মহিলা পুরুষ ছাত্র-ছাত্রী যুবক যুবতী এমনকি শিশুরাও মদ বিক্রির বিরুদ্ধে পথে নামলেন। সোমবার দুপুরে এলাকার বাসিন্দারা এক জোট হয়ে মিটিং করলেন মদ বিক্রি বন্ধের জন্য। এরপর তারা এলাকায় একটি মিছিল বের করলেন সেই মিছিলে পা বাড়িয়েছেন এলাকার পঞ্চায়েত সদস্যা থেকে শুরু করে মহিলা পুরুষ এবং ছাত্রছাত্রীরা। চোলাই থেকে শুরু করে বাংলা মদ হাড়িয়া এমনকি ভুটান থেকে আসা মদ বিক্রি হয় বড়পুকুরিয়া গ্রামে। শামুকতলা থানার ৬ কিলোমিটারের মধ্যেই আদিবাসী সম্প্রদায়ের মানুষদের মদ বিরোধী মিছিল নিয়ে প্রশ্নের মুখে পড়েছেন শামুকতলা থানার পুলিশ। এদিন শতাধিক মহিলা পুরুষ এমনকি শিশুরাও মিছিলে পা বাড়িয়েছেন স্লোগান তুলেছেন মদ বিক্রি বন্ধ করতে হবে।

# I-PAC কাণ্ডে ধূপগুড়িতে বিজেপির প্রতিবাদ মিছিল




কনক অধিকারী, এই যুগ, জলপাইগুড়ি, ১২ জানুয়ারি : I-PAC কাণ্ডে শাস্তিমূলক ব্যবস্থার দাবিতে ধূপগুড়িতে প্রতিবাদ মিছিল করল ভারতীয় জনতা পার্টি। সোমবার সন্ধ্যায় এই প্রতিবাদ মিছিলে নেতৃত্ব দেন জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের বিজেপি সাংসদ জয়ন্ত কুমার রায়।এদিন ধূপগুড়ি বিজেপি পার্টি অফিস থেকে মিছিল শুরু হয়। বিজেপি কর্মী-সমর্থকদের নিয়ে মিছিলটি ধূপগুড়ির প্রধান রাজপথ ধরে থানা চত্বর পরিক্রমা করে চৌপথি হয়ে পুনরায় পার্টি অফিসে এসে শেষ হয়। মিছিল শেষে সেখানে একটি প্রতিবাদ সভার আয়োজন করা হয়।প্রতিবাদ কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিজেপি সাংসদ জয়ন্ত কুমার রায়, বিজেপির জলপাইগুড়ি জেলা সাধারণ সম্পাদক চন্দন দত্ত সহ একাধিক নেতা ও কর্মী। মিছিল চলাকালীন বিজেপি কর্মীরা বিভিন্ন স্লোগান দেন। বিজেপির অভিযোগ, I-PAC-এর অফিসে ইডি তদন্ত চলাকালীন গুরুত্বপূর্ণ নথি সরিয়ে চোরদের আড়াল করার চেষ্টা করা হয়েছে। পাশাপাশি ওই অফিসে 'গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল' লেখা একাধিক ফাইল পড়ে থাকতে দেখা যায়, যা নিয়ে প্রশ্ন তোলে বিজেপি।

# উৎসর্গ কর্মসূচি অনুসারে স্বেচ্ছা রক্তদান শিবির পুলিশের উদ্যোগে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১২ জানুয়ারি : স্বামী বিবেকানন্দের ১৬৩ তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে কোচবিহার জেলা পুলিশের কোতোয়ালি থানার উদ্যোগে সোমবার আয়োজিত হয় স্বেচ্ছা রক্তদান শিবির। কোচবিহার রাসমেলা ময়দানে আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার সন্দীপ কাররা। এদিনের শিবিরে পুলিশ কর্মী ও সাধারন মানুষ মিলে তিনশো আট ইউনিট রক্ত স্বেচ্ছায় দান করেন। পুলিশ সুপার জানান ব্লাড ব্যাংক গুলিতে রক্তের সংকট মেটানোর লক্ষ্যে সারা বছর ধরে পুলিশ ও ট্রাফিক গার্ডের উদ্যোগে রক্তদান শিবির আয়োজিত হয়। এদিনের শিবিরও একই লক্ষ্যে আয়োজিত হয়েছে। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কৃষ্ণগোপাল মীনা, ডি এস পি, ডি আই বি বিনোদ গজমের,কোতোয়ালি থানার আই সি তপন পাল সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন ও পুলিশ কর্মীগন সহ এলাকার বিশিষ্টজনেরা।

# তোলাবাজি করতে গিয়ে ছুরির আঘাতে মৃত্যু যুবকের আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জানুয়ারি : পূর্ব কাঠালবাড়ি এলাকায় মদ খেয়ে মস্তানি করতে গিয়ে দোকানদারের হাতে ধারালো অস্ত্রের আঘাতে খুন হতে হয়েছে, সঞ্জয় তালুকদার নামে এক যুবককে। সঞ্জয় তালুকদার কে বাঁচাতে গিয়ে তার বাবা সুভাষ তালুকদার গুরুতর জখম অবস্থায় আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন এমনটাই জানা গেছে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের শিলবাড়ি হাটে পশ্চিম কাঠালবাড়ি এলাকায়। পুলিশ অভিযুক্তদের খোঁজে তল্লাশি চালাচ্ছে। জানা গেছে রবিবার রাত সাড়ে আটটা নাগাদ মদ খেয়ে মস্তানি করতে গিয়েছিলেন সঞ্জয় তালুকদার পাশেই এক দোকানে। দোকান মালিকের সঙ্গে বচসা চলাকালীন দোকানের মালিক ছুরি দিয়ে তাকে আঘাত করে। সেই সময় এগিয়ে যান সঞ্জয়ের বাবা। তিনিও গুরুতর আহত হন। এরপর দুজনকে গুরুতর জখম অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসক সঞ্জয়কে মৃত বলে ঘোষণা করে। এদিকে সঞ্জয়ের মৃত্যুর খবরের পরেই পুলিশ ঘটনার তদন্তে নামে এবং অভিযুক্ত বিমান বর্মন গা ঢাকা দিয়েছেন। সঞ্জয় তালুকদারের বাবা সুভাষ তালুকদারের চিকিৎসা চলছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে।

# বন কর্মীদের চেষ্টায় উদ্ধার চা বাগানের পরিত্যক্ত কূয়োতে পড়া হাতি



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১২ জানুয়ারি : জলপাইগুড়ি জেলার করলাভ্যালি চা বাগানের পরিত্যক্ত কূয়োয় পড়া একটি হাতিকে দীর্ঘক্ষনের চেষ্টায় উদ্ধার করলেন বন কর্মীরা। জানা গেছে রবিবার রাতে তিনটি হাতি করলাভ্যালি চা বাগানে হানা দেয়। এদের মধ্যে একটি হাতি চা বাগানের একটি পরিত্যক্ত কূয়োয় পড়ে যায়। সোমবার সকালে বিষয়টি চা বাগানের শ্রমিকদের নজরে আসে। তারা খবর দেন চা বাগানের ম্যানেজারকে। ম্যানেজার বন দপ্তরের জলপাইগুড়ি রেঞ্জে খবর দেন। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান ও দীর্ঘক্ষনের চেষ্টায় হাতিটিকে উদ্ধার করতে সমর্থ হন। স্থানীয়রা জানান অপর হাতি দুটি দূরে দাঁড়িয়ে সব লক্ষ্য করছিলো। উদ্ধারের পর হাতিটি নিজে নিজেই বনের দিকে চলে যায়। বন কর্মীরা জানান হাতিটির বয়স আনুমানিক সাত আট বছর হবে।


**হলি ডে হোম বুকিং**

দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |